গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর।

সভাপতি

জেলী আক্তার
মহিলা ভাইচ চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী,জামালপুর।

সভার স্থান : সভাপতি মহোদয়ের কার্যালয়, সরিষাবাড়ী, জামালপুর।
সভার তারিখ ও সময় : ১৫/০৭/২০২১ খ্রি:, সকাল ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্য বৃন্দ : পরিশিষ্ট
আলোচ্যসূচী:
০১।২০২১-২২ অর্থ বছরে প্রকল্প/ কর্মসূচীর লক্ষ্যমাত্রা ও কার্যক্রম বিষয়ে আলোচনা।
০২।খেলাপী ঋণ আদায় কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
০৩। বিবিধ।

আলোচ্যসূচী-০১:অত্র সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সমস্য সচিব জানান যে, ২০২১-২২ অর্থ বছরে অত্র উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত ০৭ টি প্রকল্প /কর্মসূচীর কাজ চলমান রয়েছে। নিম্নে চলতি অর্থ বছরের প্রকল্প /কর্মসূচীর ভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হলো।

ঘূর্ণায়মান পল্লী উন্নয়ন ঋণ তহবিল (আবর্তক):চলতি বছরে বিতরণের লক্ষমাত্রা ৪৬.৮৫ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। আদায়ের লক্ষ্যমাত্রা ২৭.০০ লক্ষ টাকা।বর্তমানে মাঠে বকেয়া রয়েছে ২৯.৯৯ লক্ষ টাকা তন্মধ্যে খেলাপী ২৭.৬০ লক্ষ টাকা।খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগীতা কামনা করছি।

সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী(সদাবিক): চলতি বছরে বিতরণের লক্ষমাত্রা ২২.০০ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। আদায়ের লক্ষ্যমাত্রা ৬৬.০০ লক্ষ টাকা।আদায় .৫১ লক্ষ টাকা।বর্তমানে মাঠে বকেয়া রয়েছে ৬৬.৯৪ লক্ষ টাকা তন্মধ্যে খেলাপী ৫৫.৭০ লক্ষ টাকা।খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগীতা কামনা করছি।

মহিলা উন্নয়ন কর্মসূচী(মউ): চলতি বছরে বিতরণের লক্ষমাত্রা ১০.০০ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। আদায়ের লক্ষ্যমাত্রা ১০.০০ টাকা।বর্তমানে মাঠে বকেয়া রয়েছে ১৪.০০ লক্ষ টাকা তন্মধ্যে খেলাপী ০.৭৫ লক্ষ টাকা।চলতি অর্থ বছরে সঞ্চয় জমা হয়েছে ০.১৯ লক্ষ্য টাকা।খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগীতা কামনা করছি।

অপ্রধান শস্য উৎপাদন কর্মসূচী:তৈল, ডাল ওমসলা জাতীয় শস্য উৎপাদনের জন্য ২০১৯-২০ অর্থ বছর হতে একর্মসূচীটি চালু হয়েছে। চলতি বছরে বিতরণের লক্ষ্যমাত্রা ১২.৫৫ লক্ষ্য টাকা নির্ধারন করা হয়েছে।বর্তমানে মাঠে বকেয়া রয়েছে১২.৫৩ লক্ষ্য টাকা।চলতি অর্থ বছরে সঞ্চয় জমা হয়েছে ০.২৭ লক্ষ টাকা।এছাড়া ও ০৬ টি প্রদর্শনী প্লট স্থাপন ও ৮০ জন সুবিধাভোগীকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারন করা রয়েছে । বাজেট বরাদ্দ পাওয়া গেলে দ্রুত প্রদর্শনী প্লট স্থাপন ও প্রশিক্ষণ শুরু করা হবে।

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয় প্রকল্প-৩(পিআরডিপি-৩):গ্রাম উন্নয়ন কমিটি গঠনের মাধ্যমে গ্রামের ছোট ছোট সমস্যা চিহ্নিত করে তা নিজস্ব উদ্যোগে সমাধান এছাড়া ইউপি,এলাকাবাসী ও প্রকল্প অনুদানের মাধ্যমে ছোট ছোট স্কীম বাস্তবায়নই এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পের নিয়মানুযায়ী কোন স্কীম বাস্তবায়ন করতে হলে ইউপি ৫% ,গ্রামবাসীকে ১৫% সহায়তা দিতে হয় এবং অবশিষ্ট ৮০% প্রকল্প সহায়তা হিসেবে পাওয়া যাবে। চলতি বছরে ০৬ টি ভিডিসি স্কীম ও ০৪ টি মাঠ চাহিদা ভিত্তিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে।

বীর মুক্তিযোদ্ধা ও তাদের পাষ্যদের জন্য আত্মকর্মসংস্থান কর্মসূচী : চলতি বছরে বিতরণের লক্ষ্যমাত্রা ১৭.০০ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। আদায়ের লক্ষ্যমাত্রা ৯.৮০ লক্ষ টাকা।বর্তমানে মাঠে বকেয়া রয়েছে৭.৮৯ লক্ষ টাকা তন্মধ্যে খেলাপী ৭.৭৪ লক্ষ টাকা।খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগীতা কামনা করছি।

কোভিড-১৯(এসএমই):২০২১-২২ অর্থ বছরে ৪২ জন উদ্যোক্তার মাঝে ৩৫.৫০ টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান আছে । চলতি বছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে উদ্যোক্ত বাছাই করে বিতরণ করা হবে।

সিদ্ধান্ত: উপস্থিত সকল সদস্য বৃন্দের সিদ্ধান্ত মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে সকল /কর্মসূচীর কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করার জন্য ইউআরডিও মহোদয়কে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচী-০২: খেলাপী ঋণ আদায়ের কার্যক্রম পদক্ষেপ : অত্র সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য সচিব জানান যে, অত্র অফিসে মূল কর্মসূচীসহ আবর্তক,সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী(সদাবিক) ,পল্লী প্রগতি কর্মসূচী , বীর মুক্তিযোদ্ধা ও তাদের

পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচী, সেচ যন্ত্র ও মহিলা উন্নয়ন কর্মসূচীসহ সকল প্রকল্প/ কর্মসূচী মোট খেলাপী ঋণ ১২১.৫৫ লক্ষ টাকা। দীর্ঘ দিন হলো খেলাপী টাকা গুলো মাঠে পড়ে থাকায় সঠিকভাবে কার্যক্রম চালাতে সমস্যা হচ্ছে অর্থাৎ চলমান সমিতি গুলোতে টাকার পরিমাণ বাড়ানো সম্ভব যাচ্ছে না। ইউআরডিও খেলাপী টাকা আদায়ে উপস্থিত সকলের সুপরামর্শ ও সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত :অত্র সভায় উপস্থিত সকলের সিদ্ধান্তের আলোকে প্রতিটি প্রকল্প/কর্মসূচী/সমিতি বা সদস্যদের অনুকূলে প্রাথমিক পর্যায়ে নোটিশ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হলো। এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য ইউআরডিও মহোদয়কে অনুরোধ করা হলো।

বিবিধ:আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

(জেলী আক্তার)
মহিলা ভাইচ চেয়ারম্যান
ও
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি
সরিষাবাড়ী,জামালপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য
০১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী,জামালপুর।
০২।উপজেলা নির্বাহী অফিসার সরিষাবাড়ী,জামালপুর।

মোঃ জালাউদ্দিন সরকার (৩৯৭৬
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।

# উপস্থিত সদস্যের স্বাক্ষর

তারিখ:১৫/০৭/২০২১ খ্রি:

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জেলী আক্তার<br>মহিলা ভাইচ চেয়ারম্যান ,<br>উপজেলা পরিষদ<br>সরিষাবাড়ী,জামালপুর । | সভাপতি | |
| ০২ | আশরাফুল আলম মানিক<br>চেয়ারম্যান<br>২ নংপোগলদিঘা ইউনিয়নপরিষদ<br>সরিষাবাড়ী,জামালপুর । | সদস্য | |
| ০৩ | মো: নজরুল ইসলাম<br>চেয়ারম্যান<br>৫নংপিংনা ইউনিয়নপরিষদ<br>সরিষাবাড়ী,জামালপুর । | সদস্য | |
| ০৪ | মো: আ:হালিম<br>উপজেলা সমবায় অফিসার<br>সরিষাবাড়ী,জামালপুর অ | সদস্য | |
| ০৫ | সেলিম আহমেদ<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>বিআরডিবি,সরিষাবাড়ী, জামালপুর । | সদস্য সচিব | |